



প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ে সরস্বতী পূজা উদযাপিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৪ ফেব্রুয়ারি ২০২৪।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে সনাতন ধর্মাবলম্বীদের অন্যতম ধর্মীয় উৎসব সরস্বতী পূজা উদযাপিত হয়েছে। বিদ্যা ও সঙ্গীতের দেবী সরস্বতীর কৃপা লাভের আশায় ১৪ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ বুধবার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মন্দিরে এই পূজা অনুষ্ঠিত হয়। বরিশাল বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মন্দির কমিটির আয়োজনে সকাল ৯ টায় বাণী অর্চনার মধ্য দিয়ে পূজার আনুষ্ঠানিকতা শুরু করেন সনাতন ধর্মাবলম্বী শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রু.দা.) অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া সকাল ১১ টায় মন্দির প্রাঙ্গণে উপস্থিত হয়ে সকলের সাথে শুভেচ্ছা বিনিময় করেন। সরস্বতী পূজা উদযাপন উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মন্দির কমিটির আয়োজনে সকাল ১১ টায় মন্দির প্রাঙ্গণে আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় প্রধান অতিথি ছিলেন মাননীয় উপাচার্য (রু.দা.) অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। বিশেষ অতিথি ছিলেন বরিশালের জেলা প্রশাসক শহিদুল ইসলাম। কেন্দ্রীয় মন্দির কমিটির আহবায়ক সূজন চন্দ্র পালের সভাপতিত্বে সভায় অন্যান্যদের মধ্যে আরও বক্তব্য রাখেন রেজিস্ট্রার মোঃ মনিরুল ইসলাম, শিক্ষক সমিতির সভাপতি ড. মোহাম্মদ আবদুল বাতেন চৌধুরী, প্রক্টর (ভারপ্রাপ্ত) ড. মোঃ আব্দুল কাইউম, বঙ্গবন্ধু হলের প্রভোস্ট মোঃ আরিফ হোসেন এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোস্ট (ভারপ্রাপ্ত) ড. হেনা রানী বিশ্বাস। অনুষ্ঠানে সনাতন ধর্মাবলম্বী শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীবৃন্দসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ইংরেজি বিভাগের প্রভাষক প্রজ্ঞা পারমিতা বোস। এছাড়াও মুক্তমঞ্চ সংলগ্ন মাঠে বিশ্ববিদ্যালয়ের ১৪টি বিভাগ এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলে সরস্বতী পূজা উদযাপিত হয়। সভা শেষে প্রধান অতিথি এবং বিশেষ অতিথি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও হল কর্তৃক আয়োজিত পূজা মন্ডপগুলো পরিদর্শন করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়